**পেমেন্ট সিস্টেমস্ সুপারভিশন ডিপার্টমেন্ট**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd

পিএসএসডি সার্কুলার নং-০১

তারিখ: ০৫ জানুয়ারি ২০২৬ / ২১ পৌষ ১৪৩২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ ব্যাংক হতে লাইসেন্সপ্রাপ্ত ও অনুমোদনপ্রাপ্ত সকল পরিশোধ ব্যবস্থা অংশগ্রহণকারী (তফসিলি ব্যাংক), পরিশোধ ব্যবস্থা পরিচালনাকারী (পিএসও), পরিশোধ সেবাদানকারী (এমএফএস এবং পিএসপি), ইউটিলিটি সার্ভিসেস্ প্রদানকারী ও
ডাক বিভাগের ডিজিটাল ফিন্যান্সিয়াল সার্ভিস 'নগদ'
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রিয় মহোদয়,

**ট্রাস্ট এন্ড সেটেলমেন্ট একাউন্ট ও ই-মানি/মার্চেন্ট দায় সংক্রান্ত উপাত্ত দাখিল প্রসঙ্গে।**

পরিশোধ ব্যবস্থায় নিয়োজিত বাংলাদেশ ব্যাংক হতে অনুমোদনপ্রাপ্ত ও লাইসেন্সপ্রাপ্ত এমএফএস, পিএসপি, পিএসও ও ইউটিলিটি সার্ভিসেস্ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ তাদের কার্যক্রম পরিচালনার জন্য তফসিলি ব্যাংকসমূহে ট্রাস্ট এন্ড সেটেলমেন্ট একাউন্ট পরিচালনা করে থাকে। এই হিসাবসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ই-মানি/মার্চেন্ট দায় এর প্রকৃত অবস্থা, সঠিক ব্যবস্থাপনা ও সুষ্ঠু তদারকির মাধ্যমে গ্রাহকের অর্থের নিরাপত্তা নিশ্চিতকরণ সামগ্রিক পরিশোধ ব্যবস্থার স্থিতিশীলতা বজায় রাখতে ও জনআস্থা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এক্ষেত্রে, প্রয়োজন মাফিক সঠিক উপাত্তের সময়োচিত সরবরাহ নিশ্চিত করার দায়িত্ব সংশ্লিষ্ট সকল অংশীজনদের ওপর বর্তায়।

২। এ প্রেক্ষিতে, উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের প্রতি মাসের (দিন ভিত্তিক) ট্রাস্ট এন্ড সেটেলমেন্ট একাউন্ট এর স্থিতি, ট্রাস্ট এন্ড সেটেলমেন্ট একাউন্ট হতে কৃত বিনিয়োগ, ট্রাস্ট ফান্ড ইন ট্রানজিট, ই-মানি/মার্চেন্ট দায় সংক্রান্ত উপাত্ত নির্ভুলভাবে সুনির্দিষ্ট ফরম্যাট (টেমপ্লেট) মোতাবেক পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে এ বিভাগে দাখিলের জন্য নির্দেশ দেওয়া যাচ্ছে। উল্লেখ্য যে, পরিশোধ ও নিষ্পত্তি ব্যবস্থা আইন, ২০২৪ এর ৩৭(৩) ধারার আওতায় মিথ্যা তথ্য প্রদানের বিষয়টি আদালত কর্তৃক দণ্ডনীয় অপরাধ এবং একই কারণে বাংলাদেশ ব্যাংক উক্ত আইনের ৪১ ধারার আওতায় জরিমানা আরোপ করতে পারে।

পরিশোধ ও নিষ্পত্তি ব্যবস্থা আইন, ২০২৪ এর ১৮(৪) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশ জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে ।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ এক্সেল টেমপ্লেট।

(মোহাম্মদ কামরুল ইসলাম)
পরিচালক (পিএসএসডি)
ফোনঃ +৮৮০-২৫৫৬৬৫০০১-৬/২২৩৭০